কালের কণ্ঠ

তারিখ .29 JAN 2016......
...20 কলাম...2......

অষ্টম বেতন স্কেল নিয়ে অসন্তোষ

# শিক্ষকসহ অসন্তুষ্ট পক্ষের সঙ্গে তিন সচিবের বৈঠক

নিজস্ব প্রতিবেদক ▷

অষ্টম বেতন কাঠামোকে কেন্দ্র করে তৈরি হওয়া সমস্যা নিরসনের লক্ষ্যে আন্দোলনরত বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশন ও প্রকৃচি-বিসিএস সমন্বয় কমিটির নেতাদের সঙ্গে সরকারের দায়িত্বপ্রাপ্ত তিন জ্যেষ্ঠ সচিব বৈঠক করেছেন। গতকাল বৃহস্পতিবার প্রধানমন্ত্রীর কার্যালয়ে পৃথক দুটি বৈঠক অনুষ্ঠিত হয়।

প্রধানমন্ত্রীর কার্যালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়, সকালে প্রধানমন্ত্রীর মুখ্য সচিব আবুল কালাম আজাদ, অর্থ মন্ত্রণালয়ের জ্যেষ্ঠ সচিব মাহবুবুর রহমান এবং শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মো. হেলালউদ্দিনের সঙ্গে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের নেতাদের বৈঠক অনুষ্ঠিত হয়েছে। বৈঠকে ফেডারেশনের নেতাদের উত্থাপিত প্রস্তাবনাগুলো নিয়ে আলোচনা হয়। এই আলোচনা অব্যাহত থাকবে এবং সমস্যার একটি সন্তোষজনক সমাধান হবে, বৈঠকে এমন আশাবাদ ব্যক্ত

▶▶ পৃষ্ঠা ১৩ ক. ৫

## শিক্ষকসহ অসন্তুষ্ট –

▶▶ শেষ পৃষ্ঠার পর

করা হয়। বৈঠকে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের সভাপতি অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ, সাধারণ সম্পাদক ড. এ এস এম মাকসুদ কামালসহ কয়েকজন শিক্ষক নেতা উপস্থিত ছিলেন।

বৈঠক সূত্র জানিয়েছে, শিক্ষক নেতাদের পক্ষ থেকে বিশ্ববিদ্যালয়ে নিয়োগ ও পদোন্নতি প্রক্রিয়া, সপ্তম বেতন কাঠামোতে প্রাপ্য সুযোগ-সুবিধার চিত্র ও অষ্টম বেতন কাঠামোর চিত্র এবং বিভিন্ন দেশে বিশ্ববিদ্যালয়ে শিক্ষকদের দেওয়া সুযোগ-সুবিধার তুলনামূলক চিত্র, শিক্ষক কাঠামো ইত্যাদি বিষয় তুলে ধরা হয়।

এ প্রসঙ্গে ফেডারেশনের সাধারণ সম্পাদক অধ্যাপক মাকসুদ কামাল কালের কণ্ঠকে বলেন, প্রধানমন্ত্রীর দায়িত্বপ্রাপ্ত তিন সচিবের সঙ্গে বৈঠকটি ছিল একান্তই প্রাথমিক বৈঠক। চূড়ান্ত কিছু হতে হয়তো আরো একাধিক বৈঠক হবে।

প্রসঙ্গত, অষ্টম বেতন স্কেলে নিজেদের অবস্থান নিয়ে অসন্তোষ জানিয়ে তা সংশোধনের দাবি জানিয়ে আসছেন পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা। এ দাবিতে সম্প্রতি তাঁরা লাগাতার কর্মবিরতির কর্মসূচিও পালন করেছেন। পরে প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করে আশ্বাস পেয়ে তাঁরা কর্মসূচি স্থগিত করেন।

**প্রকৃচি-বিসিএস সমন্বয় কমিটির সঙ্গে তিন সচিবের বৈঠক :** প্রধানমন্ত্রীর কার্যালয়ের সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, প্রকৃচি-বিসিএস সমন্বয় কমিটির নেতাদের সঙ্গে প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়ের জ্যেষ্ঠ সচিব ও অর্থ মন্ত্রণালয়ের জ্যেষ্ঠ সচিবের বৈঠক অনুষ্ঠিত হয়েছে। বৈঠকে বলা হয়, সিভিল সার্ভিসের বিভিন্ন ক্যাডার কর্মকর্তাদের টাইম স্কেল ও সিলেকশন গ্রেড নিয়ে সৃষ্ট জটিলতা নিরসনের জন্য এবং যথাসময়ে পদোন্নতির স্থায়ী ব্যবস্থা নিশ্চিত করতে সাংগঠনিক কাঠামো সংস্কারের প্রক্রিয়া চলছে। তাই প্রস্তাবিত কাঠামো অতিসত্বর জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। ক্যাডারের বাইরে সংস্থা ও দপ্তরের সাংগঠনিক কাঠামোও পর্যায়ক্রমে সংস্কার করা হবে।

বৈঠক সূত্র জানিয়েছে, বিসিএস সাধারণ শিক্ষা সমিতির নেতাদের পক্ষ থেকে সিলেকশন গ্রেড ও টাইম স্কেল বহাল রাখার দাবি জানানো হয়। এ ছাড়া শিক্ষা ক্যাডারের অধ্যাপকদের বিদ্যমান চতুর্থ গ্রেডের পদগুলো তৃতীয় গ্রেডে উন্নীত করা এবং বেতনবৈষম্য দূরীকরণসংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নে দ্রুত পদক্ষেপ নেওয়ার দাবি জানানো হয়। সচিবরা এ ব্যাপারে ইতিবাচক সাড়া দিয়েছেন বলে সূত্র জানিয়েছে।

বৈঠকে প্রকৃচি-বিসিএস সমন্বয় কমিটির আহ্বায়ক আ ফ ম বাহাউদ্দিন নাসিম, সদস্যসচিব মো. ফিরোজ খান, সদস্য অধ্যাপক ডা: মাহমুদ হাসান, প্রকৌশলী কবির আহমেদ ভূঁইয়া প্রমুখ উপস্থিত ছিলেন।